ভোরের কাগজ
পৃষ্ঠা কলাম

# পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সেমিস্টার পরীক্ষা বন্ধের প্রতিবাদ

পটুয়াখালী প্রতিনিধি : পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সেমিস্টার পরীক্ষা বন্ধের প্রতিবাদে পরীক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করেছে। গত বুধবার সকালে শিক্ষার্থীরা ক্যাম্পাস প্রদক্ষিণ করে এবং বিভিন্ন স্লোগান দেয়।

গত বুধবার ছিল বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যাচের তৃতীয় সেমিস্টারের ফাইনাল পরীক্ষার প্রথম দিন। সকালে ছাত্ররা যথানিয়মে পরীক্ষা দিতে গেলে কর্তৃপক্ষ জানান, ছাত্রাবাসের পাওনা পরিশোধ সাপেক্ষে প্রবেশপত্র গ্রহণ করা না হলে পরীক্ষা নেওয়া হবে না। এ অবস্থায় কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ বন্ধ করে দেয়। ইতিপূর্বে ছাত্রবৃত্তি থেকে ছাত্রাবাসের পাওনা কেটে নেওয়া হতো। এবারের এ নতুন নিয়ম ছাত্রদেরকে আগাম না জানানোর কারণে এ জটিলতার সৃষ্টি হয়েছে বলে ছাত্ররা জানিয়েছে।